

**Publication:-** Ei Samay

**Date:** - 1<sup>st</sup> December 2017

**Page No:** - 04

**Seminar on Child First, Safety First organized by The Bengal Chamber in association with  
Early Childhood association on 30th November 2017**

## শিশুবিকাশ নিয়ে অনুষ্ঠান

এই সময়: শিশুদের নিরাপত্তার পাশাপাশি তাদের ভালো থাকা ও মানসিক বিকাশের নানা দিক তুলে ধরতে শহরে আয়োজিত হল এক অনুষ্ঠান। শিক্ষার পুরোনো পদ্ধতির কিছু পরিবর্তনের দাবিও উঠল। কলকাতা পুলিশের স্কুলে-স্কুলে সচেতনতামূলক কাজের কথাও তুলে ধরা হয়েছে অনুষ্ঠানে। ছেলে এবং মেয়েদের শরীরের কোন কোন অংশে স্পর্শ করা উচিত নয়, জানানো হল তা-ও। বৃহস্পতিবার বেঙ্গল চেম্বার অফ কমার্স এবং আর্লি চাইল্ডহুড অ্যাসোসিয়েশন যৌথ ভাবে আয়োজন করেছিল, চাইল্ড ফাস্ট—সেফটি ফাস্ট শীর্ষক সেমিনারের। অনুষ্ঠানের উদ্বোধন করে কলকাতার পুলিশ কমিশনার রাজীব কুমার তাঁদের ডিয়ার বয়েজ প্রকল্পটির কথা জানান। তিনি বলেন, ‘মেয়েদের পাশাপাশি ছেলেদেরও সচেতন করা দরকার। তাই এই প্রকল্পের মাধ্যমে আমরা ছেলেদের সচেতন করি।’

শিশুদের যৌন হেনস্থার বিরুদ্ধে সচেতন করতে স্কুলে স্কুলে যাচ্ছে কলকাতা পুলিশ। তাঁরা ছড়ার সাহায্যে শিশুদের শেখাচ্ছেন শরীরের বিশেষ জায়গায় স্পর্শ না করার সহবত। অনুষ্ঠানে হাজির ছিলেন নৃত্যশিল্পী অলোকানন্দা রায়, স্কুলশিক্ষা দপ্তরের সচিব দুখন্ত নারিওয়াল। তিনি বলেন, ‘শিশুদেরও বড়দের সমান গুরুত্ব দেওয়া দরকার। অন্য শিশুদের প্রতি একটি শিশুর আচরণ খুবই গুরুত্বপূর্ণ। সে কোনও ভাবে অপদস্ত হচ্ছে কি না বা সে কাউকে অপদস্ত করছে কি না, সেটা নজরে রাখা দরকার।’

সংগঠনের সভাপতি স্বামী বৎস বলেন, ‘নার্সারির ছড়াগুলি নিয়েও নতুন করে ভাবতে হবে। হাম্পটি-ডাম্পটি-র পড়ে গিয়ে মাথা ফেটে যাওয়া এবং জোড়া না লাগা ভালো কিছু নয়।’